

ঈশ্বর আমাদের ওপর বিশ্বাসপূর্বক যা অর্পণ করেছেন আমরা
যেন সেই বিষয়ে যোষেফের মত উত্তম ধনাধ্যক্ষ হতে পারি
যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যয়ণ S3b পাঠ করতে হবে।

প্রার্থনা : “পিতা ঈশ্বর তুমই সবকিছুর মালিক এবং আমাদের যা কিছু আছে সবই তোমার কাছ থেকে আসে। অনুগ্রহ করে, আমাদের শক্তি দাও যেন আমরা আমাদের যা কিছু আছে তার তত্ত্বাবধান করতে পারি এবং সমস্ত কিছুতে তোমাকে সন্মানিত করতে পারি। আমেন।”

১. প্রার্থনা এবং ঈশ্বরের বাক্য দ্বারা নিজেকে প্রস্তুত করুন।

পৃথিবীর সূচনা থেকেই ঈশ্বর লোকদের ওপর তাঁর সৃষ্টির ভার অর্পণ করেছিলেন।

আদি ১:২৬-২৮ পদে খুঁজে দেখুন, কিভাবে লোকদের পৃথিবীতে কর্তৃত্ব করতে হতো। অনুগ্রহ করে নিম্নলিখিত প্রশ্নগুলো পাঠ করার পূর্বে পাঠ্যাংশ থেকে উত্তরগুলো অনুসন্ধান করুন।



- ক) লোকেরা কার কাছ থেকে তাদের ভূমির কর্তৃত্ব লাভ করেছিলেন ?
- খ) লোকেরা কার কাছ থেকে সমস্ত পশুদের ওপর কর্তৃত্ব লাভ করেছিলেন ?
- গ) লোকেরা কিভাবে তাদের ভূমি ও পশুদের তত্ত্বাবধান করেছেন, সেই বিষয়ে কার কাছে তাদের হিসাব দিতে হবে ?
(উত্তরঃ ক) ঈশ্বরের কাছ থেকে। খ) ঈশ্বরের কাছ থেকে। গ) ঈশ্বরের কাছে।)

আদি ৩৯:২-৫ পদে খুঁজে দেখুন, যোষেফ কিভাবে মিশরীয় রাজহের প্রধান তত্ত্বাবধায়কে পরিণত হয়েছিলেন।



- ক) আমরা যখন অন্যদের বিষয়গুলোর তত্ত্বাবধান করি, তখন ঈশ্বর আমাদের দিয়ে কি করাতে চান ?
- খ) আমরা যদি তাদের বিষয়গুলো উত্তমরাপে তত্ত্বাবধান করি, তবে লোকেরা আমাদের বিষয় কি চিন্তা করেন ?
(উত্তরঃ ক) প্রজার সঙ্গে তাদের তত্ত্বাবধানের দ্বারা ঈশ্বর তাদের আশীর্বাদ করেন। খ) তারা আমাদের ওপর আস্থা রাখেন।)

লুক ১২:৪২-৪৮ পদে খুঁজে দেখুন, যীশু কিভাবে আমাদের বস্ত্রগত বিষয়গুলোর তত্ত্বাবধান করতে বলেছেন।

- যীশু যখন ফিরে আসবেন, তখন তিনি উত্তম ধনাধ্যক্ষকে কিভাবে পুরস্কার দেবেন ? (উত্তর ৪২-৪৪ পদ)
- যারা তাদের সম্পদের বিষয়ে যীশুর অবাধ্য হন, যীশু তাদের সঙ্গে কিরণপ ব্যবহার করবেন ? (উত্তরঃ ৪৫-৪৭ পদ)
- যাদের অধিক সম্পদ আছে যীশু তাদের কাছে কি প্রত্যাশা করেন ? (উত্তরঃ ৪৮পদ)

১ করি ৪:১-৪ পদে খুঁজে দেখুন, ঈশ্বর তাঁর সত্ত্বের ধনাধ্যক্ষতার বিষয় কি বলেন।

- ধনাধ্যক্ষ হিসাবে আমাদের কাছে ঈশ্বরের চাহিদা কি? (উত্তরঃ আমাদের অবশ্যই বিশ্বাসযোগ্য হতে হবে)

- আমরা যারা ধনাধ্যক্ষতা করি, তাদের কে পরীক্ষা করেন? (উত্তরঃ অন্যরা, আদালত এবং প্রভু স্বয়ং)

১ খিষ্টলনীকীয় ৪:১-৮ পদে খুঁজে দেখুন, কিভাবে আমরা আমাদের শরীরের তত্ত্বাবধান করব।

- আমাদের শরীরের ওপর কার কর্তৃত্ব আছে? (উত্তরঃ ১ ও ২ পদ)

- এই পৃথিবীতে থাকাকালীন কিভাবে আমাদের শরীরকে ব্যবহার করতে হবে? (উত্তরঃ ৩-৫ পদ)

- আমরা যদি আমাদের শরীর দ্বারা অন্যদের প্রতারিত করি, তবে প্রভু আমাদের কি করবেন? (উত্তরঃ ৬ পদ)

- আমাদের শরীরকে তত্ত্বাবধান করতে সক্ষম হওয়ার জন্য ঈশ্বর আমাদের কি দেন? (উত্তরঃ ৭ এবং ৮ পদ)

১ পিতর ৪:১০-১১ পদে খুঁজে দেখুন, কিভাবে আপনি আপনার আত্মিক অনুগ্রহ দানগুলোর তত্ত্বাবধান করবেন।

- আমাদের মধ্যে কারা ঈশ্বরের কাছ থেকে আত্মিক দান লাভ করবেন? (উত্তরঃ আমাদের প্রত্যেকে)

- আত্মিক দানগুলোর দুই প্রকার ব্যবহার কি কি? (উত্তরঃ ঈশ্বরের হয়ে কথা বলা, ঈশ্বরের পরিচর্যা করা)

- আমাদের আত্মিক দানগুলো ব্যবহার করার জন্য আমরা কোথা থেকে শক্তি লাভ করি? (উত্তরঃ ঈশ্বরের কাছ থেকে)

- আমরা যখন আমাদের আত্মিক দানগুলো ব্যবহার করি, তখন সম্ভবতঃ কার গৌরব করা উচিত? (উত্তরঃ যীশু খ্রীষ্ট)

২. সপ্তাহব্যাপী কার্যকলাপের জন্য সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন

কিভাবে আপনি নিম্নলিখিত বিষয়গুলো উত্তমরূপে তত্ত্বাবধান করছেন, সেই বিষয়ে একসঙ্গে আলোচনা করুন (১) আপনার সম্পদ, (২) অন্যদের সম্পদ, (৩) ঈশ্বরের সত্তা, (৪) আপনার শরীর এবং (৫) আপনার আত্মিক দানগুলো।

কিভাবে আপনারা এই বিষয়গুলো উত্তমরূপে তত্ত্বাবধান করতে পারেন সেই বিষয়ে পরম্পরে আলোচনা করুন।

এই সকল বিষয়ে আরও বিশ্বস্ত হওয়ার জন্য প্রভুর সাহায্য চেয়ে একসঙ্গে প্রার্থনা করুন।

যাদের আরও উত্তম ধনাধ্যক্ষ হওয়ার প্রয়োজন আছে সেই বিশ্বাসীদের পরিদর্শন করুন।

- ওপরের মত কয়েকটি বাইবেলের পদ পাঠ করুন।
- বিশ্বস্ত হওয়ার জন্য ঈশ্বরের সাহায্য লাভের বিষয় বিশ্বাসীদের সঙ্গে প্রার্থনা করুন।

৩. আগামী আরাখনার জন্য সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

ধনাধ্যক্ষতার বিষয়ে বলা হয়েছে এইরূপ বাইবেলের অনুচ্ছেদগুলো পাঠ করুন এবং ব্যাখ্যা করুন।

ধনাধ্যক্ষতার বিষয় এই সত্যগুলো ব্যাখ্যা করুনঃ

- ঈশ্বর হলেন সৃষ্টিকর্তা এবং সমস্ত উত্তম বিষয়ের মালিক।
- ঈশ্বর প্রত্যেকেব্যাক্তি কে অসংখ্য বিষয়ের ভার অর্পণ করেছেন। (জীবন, শরীর, ভূমি, পশু, সম্পদ, কার্যসমূহ, সঙ্গীগণ, সন্তানসন্তি, জ্ঞান, অর্থ, বাইবেল, আত্মিক অনুগ্রহ দানসমূহ ইত্যাদি)
- ঈশ্বর আমাদের যা কিছু দিয়েছেন, সেই সকল বিষয়ে বিশ্বস্ত থাকতে তিনি আমাদের সাহায্য করতে চান।
- প্রত্যেকে সেই সকল বিষয়ে কতটা বিশ্বস্ত সেই বিষয়ে তিনি বিচার করবেন।
- যারা তাদের শরীর দ্বারা অন্যদের প্রতারিত করেন ঈশ্বর তাদের বিরুদ্ধে শাস্তি আনবেন।
- যারা তাদের যা কিছু আছে সেই সকল বিষয়ে তাঁর প্রতি বিশ্বস্ত থাকেন ঈশ্বর তাদের পুরস্কৃত করবেন।

আপনাকে আরও উত্তম ধনাধ্যক্ষ হতে ঈশ্বর কিভাবে সাহায্য করছেন সেই বিষয়ে বলার জন্য বিশ্বাসীদের আমন্ত্রন করুন।

ঈশ্বর কিভাবে তাদের আরও উত্তম ধনাধ্যক্ষ হতে সাহায্য করেছেন সেই বিষয়ে বলার জন্য বিশ্বাসীদের আমন্ত্রন করুন।
তারা কি বলছেন তা শোনার জন্য অপেক্ষা করুন। তারা যদি সেই সকল বিষয়ে উল্লেখ না করেন, তবে আপনি তা করতে পারেন।

ঈশ্বর তাঁর ধনাধ্যক্ষ হিসাবে আমাদের কাছে যে বিষয়গুলো অর্পণ করেছেন।

আমাদের শরীর, যাকে আমাদেরকে আহার দান করতে হবে, সুরক্ষা করতে হবে এবং পবিত্রতা রক্ষা করতে হবে।

আমাদের ভূমি, যা আমাদের ব্যবহার করতে হবে এবং ক্ষয় থেকে রক্ষা করতে হবে।

আমাদের পশুপাল, যাদের মাধ্যমে আমাদের বাঁচতে হবে এবং যাদের সঙ্গে আমাদের মানবিকভাবে ব্যবহার করতে হবে।

আমাদের টাকা যা আমাদের এবং অন্যদের প্রয়োজনগুলো পূরণ করবে।

আমাদের শিশুগণ, যাদের পালন করতে হবে, তত্ত্বাবধান করতে হবে এবং যাদের মধ্যে সুসমাচার প্রসারিত করতে হবে।

আমাদের পিতামাতা, যাদের সম্মান করতে হবে এবং তত্ত্বাবধান করতে হবে।

আমাদের ঘর ও সম্পদ সমূহ, যা আমাদের প্রয়োজন অনুসারে সহভাগিতা করতে হবে।

আমাদের আত্মিক দান সমূহ, যার দ্বারা আমাদের পরম্পরের সেবা করতে হবে।

আমাদের জ্ঞান, যা যাদের ইহার প্রয়োজন আছে, তাদের সরবরাহ করতে হবে।

যীশুতে আমাদের বিশ্বাস, যা আমাদের অনুশীলন করতে হবে।

আর কি কিবিষয় আপনি বলতে পারেন?

শিশুরা যে নাটক এবং প্রশ্নাবলি প্রস্তুত করেছেন তা তাদের উপস্থাপন করতে দিন।

প্রভুর ভোজ সম্পাদনের জন্য ২ বৎশাবলি ৩৫১৫-১৯ পদ পাঠ করুন। ব্যাখ্যা করুন উত্তম রাজা যোশিয়ের প্রভুর নিষ্ঠার পর্বের ভোজ উদ্যোগন করার জন্য ঈশ্বরের লোকেরা ছিলেন, যা তারা অবহেলা করেছিলেন। প্রভুর ভোজ হল গ্রাম্যানদের নিষ্ঠার পর্বীয় ভোজ।

১ করিষ্টীয় ১৪৪২ পদটি একত্রে মুখস্থ করুন।

বিশ্বাসী ও অথিতিদের নিয়ে দুই বা তিনজনের ছেট ছেট দল গঠন করুন। তাদের প্রয়োজনের বিষয়গুলো বলতে দিন, তাদের উত্তম ধনাধ্যক্ষ হওয়ার অভিপ্রায় প্রকাশ করতে দিন এবং পরম্পরারের জন্য প্রার্থনা করতে দিন।